# 2018

# PHILOSOPHY — HONOURS

## Fifth Paper

## Full Marks – 100

*Candidates are required to give their answers in their own words as far as practicable*

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক*

***১নং*** প্রশ্ন আবশ্যিক এবং প্রতিটি ***ইউনিট*** থেকে অন্তত ***একটি*** করে প্রশ্ন নিয়ে আরও ***পাঁচটি*** প্রশ্নের উত্তর দাও

১। সংক্ষেপে উত্তর দাও (যে-কোনো ***চারটি***) ঃ ৫×৪

(ক) নির্বিকল্পক প্রত্যক্ষ কি প্রমা পদবাচ্য? উত্তরের সপক্ষে যুক্তি দাও।

(খ) তর্কসংগ্রহে প্রদত্ত স্মৃতির লক্ষণে 'মাত্র' শব্দের তাৎপর্য ব্যাখ্যা কর।

(গ) সব্যভিচার ও বিরুদ্ধ হেত্বাভাসের মধ্যে পার্থক্য কী? উদাহরণসহ ব্যাখ্যা কর।

(ঘ) কার্যের লক্ষণ কী? অভাবরূপ কার্যের কোন্ প্রকার কারণ সম্ভব?

(ঙ) গৌণীকে কি পৃথক বৃত্তিরূপে স্বীকার করা যায়? অন্নংভট্টের মত অনুসারে উত্তর দাও।

(চ) "ঘটঃ অনিত্যঃ সাবয়বত্বাৎ" এই অনুমানের ক্ষেত্রে পঞ্চাবয়বী ন্যায় গঠন কর।

(ছ) ফুলে গন্ধের উৎপত্তির প্রতি কি রূপপ্রাগভাব কারণ? অন্নংভট্টকে অনুসরণ করে ব্যাখ্যা কর।

(জ) নিম্নলিখিত স্থলগুলিতে কোন্‌টি কী প্রকার কারণ তা ব্যাখ্যা কর ঃ

(অ) তন্তুসংযোগ পটের প্রতি কারণ

(আ) দণ্ড মৃন্ময় ঘটের প্রতি কারণ।

### ইউনিট -১

২। (ক) তর্কসংগ্রহে প্রদত্ত বুদ্ধির লক্ষণটি ব্যাখ্যা কর। ৬

(খ) অন্নম্ভট্ট দীপিকাতে কেন বুদ্ধির লক্ষণের পরিবর্তন করেছেন? ৬

(গ) এই পরিবর্তন কি সন্তোষজনক? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৩। (ক) করণ ও কারণের পার্থক্য কী? ৪

(খ) ন্যায়মতে প্রমা চতুষ্টয়ের করণ ও ব্যাপার নির্দেশ কর। ১২

### ইউনিট -২

৪। (ক) তর্কসংগ্রহে প্রদত্ত প্রত্যক্ষ প্রমার লক্ষণ ব্যাখ্যা কর। ৬

(খ) প্রত্যক্ষ প্রমার ক্ষেত্রে অন্নংভট্ট করণের কোন্ লক্ষণ গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৬

(গ) হস্ত দ্বারা ঘটের প্রত্যক্ষের ক্ষেত্রে ব্যাপার কী? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

[*Turn Over*]

৫। (ক) সন্নিকর্ষ কাকে বলে? ২

(খ) উপযুক্ত উদাহরণসহকারে বিভিন্ন প্রকার লৌকিক সন্নিকর্ষগুলি আলোচনা কর। ৮

(গ) নিম্নলিখিত প্রত্যক্ষগুলির ক্ষেত্রে সন্নিকর্ষ নির্ণয় কর ঃ ৬

(অ) ঘট জ্ঞানের মানস প্রত্যক্ষ

(আ) বরফের শীতলতার ত্বাচ্ প্রত্যক্ষ

(ই) কলমে কালির অভাবের প্রত্যক্ষ

(ঈ) কর্ণেন্দ্রিয় দ্বারা শব্দত্ব প্রত্যক্ষ।

## ইউনিট -৩

৬। (ক) তর্কসংগ্রহে প্রদত্ত ব্যাপ্তির লক্ষণ আলোচনা কর। ৪

(খ) দীপিকায় কীভাবে এই লক্ষণের বিশ্লেষণ করা হয়েছে? আলোচনা কর। ৪

(গ) ব্যাপ্তিগ্রহ কীরূপে হয়? অন্নংভট্টকে অনুসরণ করে ব্যাখ্যা কর। ৮

৭। (ক) তর্কসংগ্রহে যে প্রসঙ্গে উপাধির আলোচনা করা হয়েছে তার পরিপ্রেক্ষিতে উপাধির লক্ষণ আলোচনা কর। ৫

(খ) উপাধি কয়প্রকার ও কী কী? বিভিন্ন প্রকার উপাধি দৃষ্টান্তসহ আলোচনা কর। ১+২+৮

৮। নিম্নলিখিত অনুমিতিগুলির প্রত্যেকটির পক্ষ, সাধ্য ও হেতু নির্দেশ কর এবং হেতুটি কেন অশুদ্ধ তা ব্যাখ্যা কর ঃ ৪×৪

(ক) দ্ব্যণুক নিত্য যেহেতু তার কারণ আছে।

(খ) আত্মার অংশ আছে কেননা তাতে আত্মত্ব ধর্ম আছে।

(গ) ঘটটির অবশ্যই রূপ আছে কেননা তা দ্রব্য।

(ঘ) বহ্নি শীতল কেননা তা হলো দ্রব্য যেমন জল।

## ইউনিট -৪

৯। (ক) অর্থাপত্তি কাকে বলে? মীমাংসকগণ কেন অর্থাপত্তিকে পৃথক প্রমাণরূপে স্বীকার করেন? ব্যাখ্যা কর। ৬+৪

(খ) অন্নংভট্ট কীভাবে মীমাংসক মত খণ্ডন করেছেন? ৬

১০।(ক) লক্ষণা কাকে বলে? উপযুক্ত উদাহরণসহকারে বিভিন্ন প্রকার লক্ষণা ব্যাখ্যা কর। ৪+৬

(খ) "তাৎপর্য অনুপপত্তি লক্ষণা বীজম্" — ব্যাখ্যা কর। ৬

১১।(ক) জ্ঞানের প্রামাণ্য কীভাবে উৎপন্ন হয়? স্বতঃ প্রামাণ্যবাদ অনুসারে উত্তর দাও। ৬

(খ) নৈয়ায়িকগণ কীভাবে এই স্বতঃ প্রামাণ্যবাদ খণ্ডন করেন? ১০

*The figures in the margin indicate full marks*

Answer ***Question No.1*** and ***any other five*** questions taking at least ***one*** from each ***Unit***

1. Answer in brief (***any four***) : 5×4

(a) Can *nirvikalpaka pratyakṣa* be termed as *pramā*? Give reasons in favour of your answer.

(b) Explain the significance of the word '*mātrā*' in the *lakṣaṇa* of *smriti* as mentioned in the *Tarkasaṁgraha*.

(c) What is the distinction between *savyābhicāra* and *viruddha hetvābhāsas*? Explain with examples.

(d) What is the definition of *kārya*? Which kind of *kāraṇa* is possible for a negative effect?

(e) Can *gauṇī* be accepted as a separate *vṛitti*? Answer after *Annaṁbhaṭṭa*.

(f) Construct the five membered syllogism of the *anumāna*:
'The jar is non-eternal because it has parts'.

(g) Is the prior absence of colour regarded as a cause of the origination of smell in a flower? Explain after *Annaṁbhaṭṭa*.

(h) What kind of *kāraṇa* is exemplified in each of the following cases? — Explain.

(i) Conjunction of threads (*Tantusaṁyoga*) is the *kāraṇa* of cloth (*pata*).

(ii) Stick (*Daṇda*) is the *kāraṇa* of the pot made of clay (*mrinmoyaghata*).

## Unit – 1

2. (a) Explain the *lakṣaṇa* of *buddhi* given in the *Tarkasaṁgraha.* 6

(b) Why did *Annaṁbhaṭṭa* ammend the *lakṣaṇa* of *buddhi* in the *Dīpikā*? 6

(c) Is this arhmendment satisfactory? Give reasons in favour of your answer. 4

3. (a) What is the difference between *karaṇa* and *kāraṇa*? 4

(b) Mention the *karaṇa* and *vyāpāra* of the four kinds of *pramās* admitted by the *Naiyāyikas*. 12

## Unit – 2

4. (a) Explain the *lakṣaṇa* of *pratyakṣa pramā* given in *Tarkasaṁgraha.* 6

(b) Which *lakṣaṇa* of *kāraṇa* has been accepted by *Annaṁbhaṭṭa* in the case of *pratyakṣa pramā* ? 6

(c) What is the *vyāpāra* of the perception of jar by hand? Give reasons for your answer. 4

5. (a) What is *sannikarṣa*? 2

(b) Discuss different types of *laukika sannikarṣa* with suitable examples. 8

(c) Determine the operative *sannikarṣa* in each of the following cases of perception : 6

(i) The mental perception of the cognition of the jar

(ii) Tactual perception of the coldness of ice

(iii)Perception of the absence of ink in a pen

(iv) Perception of *śabdatva* by auditory sense organ.

## Unit – 3

6. (a) Discuss the *lakṣaṇa* of *vyāpti* as given in the *Tarkasaṁgraha*. 4

(b) How is the *lakṣaṇa* analysed in the *Dīpikā?* Discuss. 4

(c) How is *vyāpti* known? Explain after *Annaṁbhaṭṭa.* 8

7. (a) Explain the *lakṣaṇa* of *upādhi* with reference to the context in which it has been discussed in *Tarkasaṁgraha.* 5

(b) How many types of *upādhi*-s are there and what are they? Explain each kind of *upādhi* with an example. 1+2+8

8. Point out the *pakṣa*, *sādhya* and *hetu* in each of the following cases of *anumiti* and explain why the *hetu* is defective : 4×4

(a) The dyad is eternal because it has cause

(b) The self has parts because it has selfness

(c) The jar must have colour because it is a substance

(d) Fire is cold because it is substance like water.

## Unit – 4

9. (a) What is *arthāpatti*? Why do the Mimāṁsakas admit *arthāpatti* as a distinct *pramāṇa*? Explain. 6+4

(b) How does *Annaṁbhaṭṭa* refute the views of the *Mimāṁsakas*? 6

10. (a) What is lakṣaṇā ? Explain with suitable examples different kinds of lakṣaṇā . 4+6

(b) 'Tatparya-anupapattiḥ lakṣaṇāvijaṁ '— Explain the statement. 6

11. (a) How does the validity (*prāmānya*) of knowledge originate? Answer after *Svataḥprāmānyavāda.* 6

(b) How do the Naiyāyikas reject this *Svataḥprāmānyavāda*? 10